

# শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ডিং  
বাড়ি- ২০, সড়ক- ১১ (৩২ পুরাতন) ধানমন্ডি, ঢাকা-১২০৯ ফোন: ৪৮১১৮৮১৫, ৫৮১৫১৪০৯ ফ্যাক্স: ৮১১৪৮২০  
ইমেইল: [snf.safework@gmail.com](mailto:snf.safework@gmail.com), [bils@citech.net](mailto:bils@citech.net)

তারিখ: ৯ জুলাই ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

### নারায়ণগঞ্জের রূপগঞ্জ বেভারেজ কারখানায় অগ্নিকাণ্ডে ৫২ শ্রমিকের মৃত্যুর ঘটনায় শ্রমিক নিরাপত্তা ফোরামের গভীর উদ্বেগ প্রকাশ

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার কর্ণগোপ এলাকায় হাসেম ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ৫২ শ্রমিকের মৃত্যু ও ৩০ জনেরও বেশি শ্রমিক আহতের ঘটনায় শ্রমিক নিরাপত্তা ফোরাম-এসএনএফ গভীর উদ্বেগ প্রকাশ করছে।

অগ্নিকাণ্ডের সময় কারখানা কর্তৃপক্ষের বহির্গমন পথ বন্ধ রাখা এবং উদ্ধারকারীদের প্রবেশে বাধা দেয়ার মাধ্যমে কর্তৃপক্ষ এখানে পরিকল্পিতভাবে শ্রমিকদের হত্যা করেছেন বলে প্রতীয়মান হয় বিধায় এ ক্ষেত্রে ফোরাম দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবী, ডিএনএ টেস্টের মাধ্যমে নিহত শ্রমিকদের সনাক্ত, হতাহত শ্রমিকদের জন্য আন্তর্জাতিক মানদণ্ড (লস অফ ইয়ার আর্নিং) অনুসরণ করে ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের দাবী জানিয়েছে। এ ঘটনার জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দায়ী সকলের বিরুদ্ধে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন করে ব্যবস্থা নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানায় ফোরাম। কারখানার ত্রুটি বিচ্যুতির বিষয়ে কলকারখানা পরিদর্শন অধিদপ্তর কি কাজ করেছে সে বিষয়টিও জনসমক্ষে তুলে ধরার আহ্বান জানায় শ্রমিক নিরাপত্তা ফোরাম। এ ছাড়া এ বিষয়ে গঠিত তদন্ত কমিটিতে শ্রমিক পক্ষের প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করা এবং এ ঘটনায় পুলিশ, শিল্প পুলিশ এবং ফায়ার সার্ভিসের ভূমিকার বিষয়টি খতিয়ে দেখার জন্য আহ্বান জানায় ফোরাম। এ ছাড়া ফ্যাক্টরি ইনস্পেকশন চেক লিস্ট পর্যালোচনা, কারখানায় সেফটি কমিটি গঠন এবং তার কার্যক্রমের বিষয়টিও তদন্ত করার আহ্বান জানায় শ্রমিক নিরাপত্তা ফোরাম।

উল্লেখ্য, বাংলাদেশ শ্রম আইনের বিভিন্ন ধারায় নিরাপত্তা এবং স্বাস্থ্য সংক্রান্ত বিধি বিধান অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি ব্যবহারের যে সমস্ত বাধ্যবাধকতার বিষয়ে বলা হয়েছে, বিশেষ করে শ্রমিকদের ব্যক্তিগত সুরক্ষা যন্ত্রপাতি সরবরাহ, অগ্নিকাণ্ডের সময় প্রত্যেক তলার সাথে সংযোগ রক্ষাকারী বিকল্প সিঁড়িসহ বহির্গমনের উপায়, প্রত্যেক তলায় প্রয়োজনীয় সংখ্যক অগ্নিনির্বাপক সরঞ্জামের ব্যবস্থা করা, বহির্গমনের পথ তালাবদ্ধ বা আটকে না রাখার বিষয়গুলো তা পর্যালোচনা করলে দেখা যায়, হাসেম ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড কারখানায় অগ্নিকাণ্ডে শ্রমিক মৃত্যুর এই ঘটনায় শ্রম আইনের এই বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়নি।

ফোরাম লক্ষ্য করছে যে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অদক্ষতা, অবহেলা, উদাসীনতার কারণে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি ঘটছে। এর পুনরাবৃত্তি রোধে ও ইতিপূর্বে গঠিত কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়নের আহ্বান জানায় শ্রমিক নিরাপত্তা ফোরাম।

শ্রমিক নিরাপত্তা ফোরামের পক্ষে:



ড. হামিদা হোসেন

আহ্বায়ক, শ্রমিক নিরাপত্তা ফোরাম

#### শ্রমিক নিরাপত্তা ফোরামের সদস্য

আইন ও শালিস কেন্দ্র, অ্যাকশন এইড বাংলাদেশ, আওয়াজ ফাউন্ডেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ডিং, ব্রাক, বাংলাদেশ এনভায়রনমেন্ট ল'ইয়ার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ মহিলা পরিষদ, গণস্বাস্থ্য কেন্দ্র, কর্মজীবী নারী, নারীপক্ষ, নিজেরা করি, সেইফটি এন্ড রাইটস সোসাইটি-এসআরএস, বাংলাদেশ লেবার ফাউন্ডেশন, জাতীয় শ্রমিক ফেডারেশন বাংলাদেশ, জাতীয় শ্রমিক লীগ, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, বাংলাদেশ লেবার ফেডারেশন, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেস, বাংলাদেশ মুক্ত শ্রমিক ফেডারেশন, জাতীয় শ্রমিক জোট, বাংলাদেশ শ্রমিক ফেডারেশন, বাংলাদেশ জাতীয় শ্রমিক ফেডারেশন, জাতীয় শ্রমিক জোট বাংলাদেশ, বাংলাদেশের জাতীয় শ্রমিক জোট